# Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | দেশজুড়ে | 22 June, 2025

চট্টগ্রামের শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরে এক যাত্রীর ব্যাগ থেকে বিপুল পরিমাণ ইলেকট্রিক সিগারেট ও সিগারেট এক্সেসরিজ জব্দ করেছে এনএসআই ও বিমানবন্দরের নিরাপত্তা শাখা।

রবিবার (২২ জুন) ভোরে ইউএস-বাংলা এয়ারলাইন্সের বিএস-৩৫০ ফ্লাইটটি আবুধাবি থেকে আসা ফ্লাইটে এই ঘটনা ঘটে।

জানা গেছে, আজ সকাল ৬টা ২০ মিনিটে আবুধাবি থেকে আসা ইউএস-বাংলা এয়ারলাইন্সের বিএস-৩৫০ ফ্লাইটের যাত্রী মোহাম্মদ আইয়ুব কাস্টমসের গ্রিন চ্যানেল অতিক্রম করার সময় তাকে চ্যালেঞ্জ করে এনএসআই সদস্যরা।পরে তল্লাশিতে তার ব্যাগ থেকে বিপুল পরিমাণ নিষিদ্ধ ইলেকট্রনিক ধূমপান সামগ্রী উদ্ধার করা হয়।উদ্ধার হওয়া সামগ্রীর মধ্যে রয়েছে ২০টি ইলেকট্রিক সিগারেট, ৪৯০টি সিগারেট রিফিল লিকুইড, ২৮০টি কার্টিজ এবং ৩০টি কয়েল।যাত্রী মাওলানা মোহাম্মদ আইয়ুব চট্টগ্রামের সাতকানিয়ার বাসিন্দা।

বিমানবন্দর কর্তৃপক্ষ জানিয়েছে, এসব সামগ্রীর আনুমানিক বাজারমূল্য প্রায় ১০ লাখ ৭৩ হাজার টাকা।তার মধ্যে রিফিল লিকুইডের মূল্যই প্রায় সাড়ে আট লাখ টাকা।

শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দরের জনসংযোগ কর্মকর্তা প্রকৌশলী মোহাম্মদ ইব্রাহীম খলিল বলেন, গোপন তথ্যের ভিত্তিতে ওই যাত্রীকে থামিয়ে ব্যাগ তল্লাশি করি এবং ই-সিগারেট ও অন্যান্য সামগ্রী জব্দ করি।এটি আমাদের নিয়মিত নজরদারির সফল অংশ।যেহেতু যাত্রী প্রথমবারের মতো এ ধরনের ঘটনায় জড়িত হয়েছেন, তাই নিয়ম অনুযায়ী জব্দকৃত সামগ্রী ডিএম (ডিপার্টমেন্টাল ম্যাটার) হিসেবে সংরক্ষণ করা হয়েছে এবং যাত্রীকে ছেড়ে দেওয়া হয়েছে।

ই-সিগারেট বিমানবন্দর

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:18

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/7758073534